

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-১, শাখা-১
www.mof.gov.bd

স্মারক নং-০৭.১০১.০২০.০০.০০.০১২.২০২৫-২১৬

তারিখঃ ১০ কার্তিক ১৪৩২
২৬ অক্টোবর ২০২৫

বাজেট পরিপত্র

বিষয়ঃ ২০২৫-২৬ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলন (পরিচালন ও উন্নয়ন) প্রণয়ন।

সরকারের অগ্রাধিকার খাতসমূহে প্রয়োজনীয় অর্থ বরাদ্দের মাধ্যমে সীমিত সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকল্পে মধ্যমেয়াদি বাজেট কাঠামো পদ্ধতির আওতায় সকল মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠানসমূহের চলতি অর্থবছরের (২০২৫-২৬) বাজেট সুষ্ঠু ও সময়মত বাস্তবায়ন নিশ্চিত করার লক্ষ্যে সংশোধিত বাজেট প্রণয়ন করা প্রয়োজন। ২০২৫-২৬ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলন প্রস্তুতের ক্ষেত্রে নিম্নোক্ত নীতিমালা/পদ্ধতি অনুসরণ করতে হবে:

১.১ সংশোধিত বাজেট প্রাক্কলন প্রণয়নের ক্ষেত্রে অনুসরণীয় সাধারণ নীতিমালা

- চলতি ২০২৫-২৬ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলন অবশ্যই মূল বাজেটে প্রদর্শিত মোট ব্যয়সীমার (পরিচালন ও উন্নয়ন) মধ্যে সংকুলানযোগ্য হতে হবে। কোনভাবেই অতিরিক্ত বরাদ্দ দাবি করা যাবে না;
- সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের নীতি ও উদ্দেশ্য অর্জনের লক্ষ্যে অগ্রাধিকার প্রাপ্ত কার্যক্রম বাস্তবায়নের প্রয়োজনে চলতি অর্থবছরের (২০২৫-২৬) মূল বাজেটে প্রদর্শিত মোট ব্যয়সীমার মধ্যে সংকুলান সাপেক্ষে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠানসমূহের বিভিন্ন অপারেশনাল ইউনিট অথবা আইটেম/অর্থনৈতিক কোডের বরাদ্দ হ্রাস/বৃদ্ধি করতে পারবে;
- ২০২৫-২৬ অর্থবছরের সংশোধিত ব্যয়ের প্রাক্কলন প্রণয়নকালে অনুমোদিত মূল বাজেটে প্রদর্শিত মোট উন্নয়ন ব্যয়ের মধ্যে কোন অর্থ অব্যয়িত থাকবে বলে অনুমিত হলে উক্ত অব্যয়িত অর্থ কোনক্রমেই পরিচালন বাজেটে স্থানান্তর করা যাবে না;
- অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত পরিপত্র (নং ০৭.১০১.০২০.০০.০০.০০৯.২০২২-০৭; তারিখ: ০৮.০৭.২০২৫) অনুযায়ী সরকারি ব্যয়ে কৃষ্ণ সাধনের লক্ষ্যে ২০২৫-২৬ অর্থবছরে সকল মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠান এবং আওতাধীন অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তর/স্বায়ত্তশাসিত সংস্থা, পাবলিক সেক্টর কর্পোরেশন এবং রাষ্ট্রীয় মালিকানাধীন কোম্পানিসমূহের সংশোধিত পরিচালন ও উন্নয়ন বাজেট প্রাক্কলনের ক্ষেত্রে বরাদ্দকৃত অর্থ ব্যয়ে নিম্নোক্ত বিষয়গুলো অনুসরণ করতে হবেঃ

(ক) চলতি ২০২৫-২৬ অর্থবছরে পরিচালন ও উন্নয়ন বাজেটের আওতায় নিম্নবর্ণিত অর্থনৈতিক কোডসমূহে বরাদ্দকৃত অর্থ নিম্নোক্তভাবে ব্যয় করা যাবে:

- (১) পরিচালন বাজেটের আওতায় শিক্ষা, স্বাস্থ্য ও কৃষি মন্ত্রণালয় সংশ্লিষ্ট স্থাপনা ব্যতীত নতুন '৪১১১১০১-আবাসিক ভবন', '৪১১১২০১-অনাবাসিক ভবন' এবং '৪১১১৩১৭-অন্যান্য ভবন ও স্থাপনা' খাতে ইতোমধ্যে যে পরিমাণ অর্থের Work Order দেয়া হয়েছে শুধুমাত্র সে পরিমাণ অর্থ বরাদ্দ রাখতে হবে;
- (২) সকল ধরনের যানবাহন ক্রয় ('৪১১২১০১-মোটরযান', '৪১১২১০২-জলযান' ও '৪১১২১০৩-আকাশযান') খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয় বন্ধ থাকবে। তবে, পরিচালন বাজেটের আওতায় ১০ বছরের অধিক পুরোনো টিওএন্ডইভুজ যানবাহন প্রতিস্থাপনের ক্ষেত্রে অর্থ বিভাগের অনুমোদনক্রমে ব্যয় নির্বাহ করা যাবে;

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

- (৩) '৪১৪১১০১-ভূমি অধিগ্রহণ' খাতে পরিচালন বাজেটে বরাদ্দকৃত অর্থ ব্যয় বন্ধ থাকবে। তবে, উন্নয়ন বাজেটের আওতায় অধিগ্রহণ কার্যক্রমের সকল আনুষ্ঠানিকতা প্রতিপালনপূর্বক অর্থ বিভাগের পূর্বানুমোদন গ্রহণ সাপেক্ষে ব্যয় করা যাবে; এবং
- (৪) উন্নয়ন বাজেটের আওতায় পরিকল্পনা কমিশনের অনুকূলে 'বিশেষ প্রয়োজনে উন্নয়ন সহায়তা' খাতে জিওবি বাবদ সংরক্ষিত এবং মন্ত্রণালয়/বিভাগের অনুকূলে 'থোক বরাদ্দ' হিসেবে সংরক্ষিত বরাদ্দ অর্থ বিভাগের পূর্বানুমোদন গ্রহণ সাপেক্ষে ব্যয় করা যাবে।

(খ) চলতি ২০২৫-২৬ অর্থবছরে পরিচালন ও উন্নয়ন বাজেটের আওতায় সরকারের নিজস্ব অর্থে সকল প্রকার বৈদেশিক ভ্রমণ/ওয়ার্কশপ/সেমিনার/সিম্পোজিয়ামে অংশগ্রহণ বন্ধ থাকবে। তবে অত্যাৱশ্যকীয় বিবেচনায় সীমিত আকারে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত পরিপত্র (নং ০৭; তারিখ: ০৮.০৭.২০২৫) এবং প্রধান উপদেষ্টার কার্যালয়ের ৯ ডিসেম্বর ২০২৪ তারিখের ১২ ও ২১ অক্টোবর ২০২৫ তারিখের ১৪৯ নম্বর স্মারকে জারিকৃত পরিপত্র অনুযায়ী বিদেশ ভ্রমণ করা যাবে।

উপরের (ক ও খ) অনুচ্ছেদে বর্ণিত খাতসমূহে বরাদ্দকৃত অর্থ অন্য কোন খাতে এবং অন্য খাত হতে এসব খাতে পুনঃউপযোজন করা যাবে না।

১.২ ২০২৫-২৬ অর্থবছরের রাজস্ব ও মূলধন প্রাপ্তির সংশোধিত প্রাক্কলনের পদ্ধতি

২০২৫-২৬ অর্থবছরের রাজস্ব ও মূলধন প্রাপ্তির সংশোধিত বাজেট প্রাক্কলন প্রণয়নের জন্য ফরম-৭ ব্যবহার করতে হবে। এ ক্ষেত্রে সাধারণভাবে বিগত দুই অর্থবছরের (২০২৩-২৪ এবং ২০২৪-২৫) প্রথম ছয় মাসের এবং চলতি অর্থবছরের (২০২৫-২৬) প্রথম ৪ মাসের রাজস্ব আদায়ের ধারা বিবেচনা করতে হবে এবং এর ভিত্তিতে ২০২৫-২৬ অর্থবছরের সংশোধিত প্রাক্কলন প্রস্তুত করতে হবে। ইতোমধ্যে কোন আইটেমের আদায়ের হার বৃদ্ধি করা হয়ে থাকলে পুনর্নির্ধারিত হারে সম্ভাব্য অতিরিক্ত রাজস্ব আদায়ের বিষয়টিও বিবেচনায় রাখতে হবে এবং প্রস্তাবিত প্রাক্কলনে এর প্রতিফলন নিশ্চিত করতে হবে।

১.৩ ২০২৫-২৬ অর্থবছরের পরিচালন ব্যয়ের সংশোধিত প্রাক্কলনের পদ্ধতি

পরিচালন ব্যয়ের ২০২৫-২৬ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলন প্রণয়নের জন্য সাধারণ/বিশেষ কার্যক্রমের ফরম-৮ (ক-১) এবং সহায়তা/স্থানীয় সরকারসমূহে স্থানান্তর কার্যক্রমের জন্য ফরম-৮(ক-২) ব্যবহার করতে হবে। এ ক্ষেত্রে নিম্নোক্ত দিকনির্দেশনা অনুসরণ করতে হবে:

- সাধারণভাবে বিগত দুই অর্থবছরের (২০২৩-২৪ এবং ২০২৪-২৫) প্রথম ছয় মাসের এবং চলতি অর্থবছরের (২০২৫-২৬) প্রথম ৪ মাসের প্রকৃত ব্যয়ের ধারা (Actual Expenditure Trend) বিবেচনা করতে হবে এবং তার ভিত্তিতে ২০২৫-২৬ অর্থবছরের সংশোধিত প্রাক্কলন প্রস্তুত করতে হবে;
- বেতন-ভাতা খাতে ২০২৫-২৬ অর্থবছরের প্রথম ৪ মাসের প্রকৃত ব্যয়ের ভিত্তিতে ২০২৫-২৬ অর্থবছরের সংশোধিত প্রাক্কলন প্রস্তুত করতে হবে। তবে এরূপ প্রাক্কলন তৈরির ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রধান হিসাবরক্ষণ ও অর্থ কর্মকর্তার দপ্তরের তথ্য/উপাত্ত পর্যালোচনা ও সংগতিসাধনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে;
- চলতি অর্থবছরে (২০২৫-২৬) অর্থ বিভাগের বাজেটের অধীন 'অপ্রত্যাশিত ব্যয় ব্যবস্থাপনা' খাত থেকে কোন অর্থ বরাদ্দ করা হয়ে থাকলে সংশোধিত বাজেটে এর প্রতিফলন নিশ্চিত করতে হবে;
- অর্থ বিভাগের অনুমোদনক্রমে অথবা মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার অর্পিত ক্ষমতাবলে কোন অর্থ পুনঃউপযোজন করা হয়ে থাকলে সংশোধিত বাজেটে সংশ্লিষ্ট কোডে পুনঃউপযোজনকৃত অর্থের প্রতিফলন নিশ্চিত করতে হবে;
- অর্থ বিভাগের অনুমোদনক্রমে ইতোমধ্যে মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার অনুকূলে 'সমাপ্ত উন্নয়ন প্রকল্পের থোক' হতে কোন আইটেম/অর্থনৈতিক কোডে বরাদ্দ করা হয়ে থাকলে সংশোধিত বাজেটে সংশ্লিষ্ট কোডে এর প্রতিফলন নিশ্চিত করতে হবে।

১.৪ উন্নয়ন বাজেট হতে অর্থায়নকৃত বার্ষিক উন্নয়ন কর্মসূচি বহির্ভূত ক্ষিমের সংশোধিত প্রাক্কলনের পদ্ধতি
উন্নয়ন বাজেট হতে অর্থায়নকৃত ক্ষিমের ২০২৫-২৬ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলন প্রণয়নের জন্য ফরম-৮(খ-১/২) ব্যবহার করতে হবে। চলতি অর্থবছরের বাজেটে অন্তর্ভুক্ত চলমান ক্ষিম এবং ইতোমধ্যে নতুন কোন ক্ষিম অনুমোদিত হয়ে থাকলে অনুমোদিত নতুন ক্ষিমের জন্য অর্থ বরাদ্দের প্রস্তাব প্রাক্কলনে অন্তর্ভুক্ত করতে হবে। অননুমোদিত কোন ক্ষিমের জন্য অর্থ বরাদ্দের প্রস্তাব করা যাবে না। ক্ষিমের সকল ব্যয় অবশ্যই বিস্তারিত অর্থনৈতিক কোড অনুযায়ী প্রদর্শন করতে হবে। অনুমোদিত ক্ষিমের ক্ষেত্রে অনুমোদিত মোট ব্যয়সীমা যাতে অতিক্রান্ত না হয় এর প্রতি লক্ষ্য রাখতে হবে।

১.৫ সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রণয়নের পদ্ধতি

২০২৫-২৬ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির বাজেট প্রণয়নের জন্য ফরম-৮(খ-১) এবং ফরম-৮(খ-২) (স্বায়ত্তশাসিত/রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠানসমূহের প্রকল্পের ক্ষেত্রে) যথাযথভাবে পূরণ করতে হবে। এক্ষেত্রে নিম্নোক্ত দিকনির্দেশনা অনুসরণ করতে হবে:

- বৈদেশিক ঋণ/অনুদানে বাস্তবায়নাধীন প্রকল্পের ক্ষেত্রে পিএল/জি অংশে সম্পূর্ণ ব্যয় করা যাবে এবং সেক্ষেত্রে জিওবি অংশে প্রয়োজনীয় অর্থের সংস্থান রাখতে হবে;
- সংশোধিত এডিপিতে প্রকল্প সংখ্যা সীমিত রাখতে হবে। সরকারের অগ্রাধিকার প্রকল্প অন্তর্ভুক্ত করার জন্য সরকারের কৌশলগত লক্ষ্য ও উদ্দেশ্যসমূহের আলোকে অগ্রাধিকার ঠিক করে প্রয়োজনে অন্যান্য কম গুরুত্বপূর্ণ প্রকল্প বাদ দিতে হবে। আরএডিপি'র মূল অংশে বরাদ্দবিহীনভাবে কোন প্রকল্প রাখা যাবে না;
- একই সংস্থার আওতায় বাস্তবায়িতব্য একই উদ্দেশ্য/প্রকৃতির একাধিক ক্ষুদ্র প্রকল্প প্রস্তাব পৃথকভাবে প্রণয়ন না করে একত্রে একটি প্রকল্পের (গুচ্ছ প্রকল্প) আওতায় প্রস্তাব করা যথাযথ হবে। সংশোধিত এডিপিতে দারিদ্র বিমোচনে সহায়ক ও মানবসম্পদ উন্নয়নের সাথে সম্পৃক্ত খাতসমূহকে গুরুত্ব দিতে হবে;
- ২০২৫-২৬ অর্থবছরের এডিপি বরাদ্দ বহির্ভূত যেসব প্রকল্প ইতোমধ্যে অনুমোদিত ও বরাদ্দপ্রাপ্ত হয়েছে সেসব প্রকল্প আরএডিপিতে বরাদ্দসহ অন্তর্ভুক্ত করতে হবে;
- ২০২৫-২৬ অর্থবছরের এডিপি-তে যেসকল প্রকল্প/প্রকল্পসমূহে আন্তঃসমন্বয় করা হয়েছে আরএডিপি-তে তার যথাযথ প্রতিফলন নিশ্চিত করতে হবে;
- বৈদেশিক ঋণ/অনুদানে বাস্তবায়নাধীন প্রকল্প, প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলা ও পুনর্বাসন সম্পর্কিত প্রকল্প এবং ২০২৫-২৬ অর্থবছরে সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্পকে অগ্রাধিকার দিতে হবে। বৈদেশিক ঋণ/অনুদান চুক্তি সম্পাদিত হয়েছে এমন সব প্রকল্প সংশোধিত এডিপিতে অন্তর্ভুক্তির ক্ষেত্রে অগ্রাধিকার প্রদানের বিষয়টি বিবেচনা করতে হবে;
- ‘যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত’ অথবা ‘এসপিইসি কর্তৃক অনুমোদনের জন্য সুপারিশকৃত’ এবং ‘বৈদেশিক ঋণ/অনুদান চুক্তি সম্পাদিত অথবা বৈদেশিক ঋণ/অনুদান প্রাপ্তির সুনিশ্চিত অঙ্গীকারপ্রাপ্ত’ প্রকল্প ব্যতীত কোন অননুমোদিত কারিগরি সহায়তা প্রকল্প সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্তির প্রস্তাব করা যাবে না;
- ২০২৫-২৬ অর্থবছরের সংশোধিত এডিপিতে এলাকা/অঞ্চলভিত্তিক সুষম উন্নয়নের লক্ষ্যে গৃহীত প্রকল্পসমূহের বরাদ্দ প্রদান নিশ্চিত করতে হবে;
- চলতি প্রকল্পসমূহের অনুমোদিত প্রকল্প দলিলে উল্লিখিত প্রাক্কলিত ব্যয় এবং এ পর্যন্ত ক্রমপুঞ্জীভূত ব্যয়ের ভিত্তিতে যুক্তিসঙ্গত ও সম্ভাব্য ব্যয় বিবেচনায় সংশোধিত এডিপিতে অর্থ বরাদ্দের প্রস্তাব করতে হবে। প্রকল্প ঋণ/অনুদান বরাদ্দের ক্ষেত্রে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ কর্তৃক নির্ধারিত বরাদ্দ চূড়ান্ত বলে গণ্য করা হবে;
- বৈদেশিক ঋণ/অনুদানে (‘ঋণ/অনুদান স্বাক্ষরিত’/‘ঋণ/অনুদান প্রাপ্তি সুনিশ্চিত’) গৃহীত প্রকল্পের ক্ষেত্রে ২০২৫-২৬ অর্থবছরে প্রাপ্য বৈদেশিক ঋণ/অনুদান ব্যবহারের নিমিত্ত পরিপূরক স্থানীয় মুদ্রা বরাদ্দের (Matching Taka Cover) দাবি/প্রস্তাবকে অগ্রাধিকার দিতে হবে;

- ধীর গতিসম্পন্ন প্রকল্প হতে বরাদ্দ হ্রাস করে দ্রুত বাস্তবায়নযোগ্য গুরুত্বপূর্ণ প্রকল্পে প্রয়োজন অনুযায়ী বরাদ্দ প্রদান করতে হবে। এছাড়া, বরাদ্দ প্রদানের ক্ষেত্রে শিক্ষা, স্বাস্থ্য, পরিবেশ ও জলবায়ু, কৃষি, কৃষিভিত্তিক শিল্প, বিদ্যুৎ উৎপাদন এবং দুর্যোগ মোকাবেলা ও পুনর্বাসন সংশ্লিষ্ট প্রকল্পকে অগ্রাধিকার দিতে হবে;
- চলমান উন্নয়ন প্রকল্প নির্ধারিত সময়ে বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় স্থানীয় মুদ্রার বরাদ্দ নিশ্চিতকরণসাপেক্ষেই শুধু অপরিহার্য নতুন প্রকল্পের জন্য স্থানীয় মুদ্রার বরাদ্দ প্রস্তাব করতে হবে;
- সরকারের আমদানি শুল্ক ও মূল্য সংযোজন করের (CD/VAT) হার এবং আমদানি পণ্য মূল্যের নির্ধারিত বিনিময় হার অনুযায়ী CD/VAT বাবদ প্রয়োজনীয় বরাদ্দের সংস্থান পৃথকভাবে না রেখে বরং যেসমস্ত মূলধনি ক্রয়ের জন্য মূলধন খাতে অর্থ বরাদ্দ রাখা হয়েছে সেসমস্ত মূলধনি ক্রয়ের অর্থনৈতিক কোডেই CD/VAT বাবদ অর্থ বরাদ্দ রাখতে হবে।

২.০ বাজেট প্রাক্কলনের সঙ্গে প্রদেয় অন্যান্য তথ্য/কাগজপত্র

বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণসমূহ প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগসমূহের বাজেট ব্যবস্থাপনা কমিটি কর্তৃক বিস্তারিতভাবে পরীক্ষা ও অনুমোদনপূর্বক অর্থ বিভাগ এবং পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে। বাজেট ব্যবস্থাপনা কমিটি কর্তৃক নিশ্চিত করতে হবে যে, বাজেট প্রাক্কলনসমূহ এ পরিপত্রে বর্ণিত নীতিমালা/পদ্ধতি যথাযথভাবে অনুসরণের মাধ্যমে প্রস্তুত করা হয়েছে। প্রস্তাবিত প্রাক্কলনের সঙ্গে বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী অবশ্যই সংযুক্ত করতে হবে।

৩.০ বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (BIP) সংশোধন

প্রাক্কলিত সংশোধিত বাজেটের কর্তৃত্ব জারি হওয়ার পর ২০২৫-২৬ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলন (পরিচালন ও উন্নয়ন)-এর সাথে সামঞ্জস্য রেখে অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত পরিপত্রে (স্মারক নং ০৭.১০১.০২০.০০.০০.০১০.২০২৪-১২২, তারিখ: ০৮ সেপ্টেম্বর ২০২৫) অনুসরণীয় পদ্ধতি ও নীতিমালা অনুসারে রাজস্ব আহরণ, ব্যয় পরিকল্পনা ও বার্ষিক ক্রয় পরিকল্পনা হালনাগাদ করতে হবে। হালনাগাদকরণের সময়সীমা যথাসময়ে জানানো হবে।

৪.০ স্পষ্টীকরণ

সংশোধিত বাজেট পরিপত্রে প্রদত্ত নীতিমালা/দিকনির্দেশনার বিষয়ে কোন স্পষ্টীকরণ বা ব্যাখ্যার প্রয়োজন হলে অর্থ বিভাগের সংশ্লিষ্ট বাজেট কর্মকর্তাগণের সাথে যোগাযোগ করা যেতে পারে। বাজেট কর্মকর্তাগণের নাম ও ফোন নম্বর পরিশিষ্ট-১ এ দেয়া হলো।

৫.০ বাজেট প্রাক্কলন দাখিল করার সময়সীমা

চলতি ২০২৫-২৬ অর্থবছরের পরিচালন বাজেটের সংশোধিত প্রাক্কলনসমূহসহ সংশোধিত নন-এডিপি ক্ষিমসমূহের প্রাক্কলনসমূহ আগামী ০৯ নভেম্বর ২০২৫ তারিখের মধ্যে অর্থ বিভাগের বাজেট অনুবিভাগ-১/২ এবং সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি/প্রকল্পসমূহের প্রাক্কলনসমূহ অর্থ বিভাগের বাজেট অনুবিভাগ-১/২, পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগ, সাধারণ অর্থনীতি বিভাগ ও সংশ্লিষ্ট সেক্টর ডিভিশনে এক প্রস্থ করে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-

(ড. জিয়াউল আবেদীন)

অতিরিক্ত সচিব (বাজেট-১)

ফোনঃ ৯৫১১০৫০

ই-মেইলঃ ziaula@finance.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, কাকরাইল, ঢাকা
৩. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)